

চাকসু নির্বাচন

# খসড়া ভোটার তালিকা নিয়ে আপত্তি গ্রহণ ৯ তারিখ পর্যন্ত

রেফায়েত উল্যাহ রূপক, চবি

প্রকাশিত: ১৭:৫২, ৪ সেপ্টেম্বর ২০২৫; আপডেট: ১৮:০০, ৪  
সেপ্টেম্বর ২০২৫



ছবি: সংগৃহীত

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় ছাত্রসংসদ (চাকসু) ও হলসংসদ নির্বাচনের খসড়া ভোটার তালিকায় আপত্তি গ্রহণের তারিখ বেড়েছে ৯ সেপ্টেম্বর পর্যন্ত। এদিন বিকাল সাড়ে ৩টা পর্যন্ত ভোটার তালিকা নিয়ে অভিযোগ জানাতে পারবেন শিক্ষার্থীরা।

এরআগে তফসিল অনুযায়ী খসড়া ভোটার তালিকা প্রকাশ করা হয় ১ সেপ্টেম্বর। খসড়া ভোটার তালিকায় আপত্তি গ্রহন করা হয় ২,৩,৪ সেপ্টেম্বর পর্যন্ত। চূড়ান্ত ভোটার তালিকা প্রকাশ করা হবে ১১ সেপ্টেম্বর।

এবিষয়ে চাকসু ও হল সংসদ নির্বাচন পরিচালনা কমিটির সদস্য-সচিব অধ্যাপক ড. এ. কে. এম. আরিফুল হক সিদ্ধিকী জানান, গতকাল (বুধবার) চাকসু নির্বাচন কমিশনারদের একটি সভা অনুষ্ঠিত হয়েছে। এতে চাকসু নির্বাচনের খসড়া ভোটার তালিকায় আপত্তি গ্রহণের শেষ তারিখ ০৪ সেপ্টেম্বর পরিবর্তন করে ০৯ সেপ্টেম্বর (মঙ্গলবার) বিকাল ৩.৩০ মিনিট পর্যন্ত নির্ধারণ করার সিদ্ধান্ত হয়।

---

এসইউ